

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৭৩

তারিখ: ০৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিএসইসি চেয়ারম্যানের নামে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত অসত্য ও বিভ্রান্তিকর ফটোকর্ড প্রসঙ্গে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান জনাব মাসুদ খানের নামে পুঁজিবাজারের দরপতন সংক্রান্ত বক্তব্যসংবলিত একটি ফটোকর্ডসহ বিভিন্ন অসত্য ও বিভ্রান্তিকর তথ্য সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত হওয়ার বিষয়টি কমিশনের দৃষ্টিগোচর হয়েছে।


কমিশন স্পষ্টভাবে জানাতে চায় যে, চেয়ারম্যান মহোদয়ের নামে প্রচারিত এ ধরনের বক্তব্যসংবলিত ফটোকর্ড এর বক্তব্য সঠিক নয় এবং চেয়ারম্যান মহোদয় এধরনের কোন বক্তব্য দেননি। জনসাধারণ ও বিনিয়োগকারীদের প্রতি অনুরোধ, সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত কোনো বক্তব্য, ফটোকর্ড বা তথ্যের সত্যতা যাচাই না করে তা বিশ্বাস বা শেয়ার করা থেকে বিরত থাকুন।

পুঁজিবাজারের স্বাভাবিক কার্যক্রম, বিনিয়োগকারীদের স্বার্থ এবং বাজারের প্রতি জনসাধারণের আস্থা বজায় রাখার স্বার্থে গুজব, অসত্য, বিভ্রান্তিকর বা ভিত্তিহীন তথ্য প্রচার থেকে বিরত থাকা সবার দায়িত্ব। এ ধরনের তথ্য পুঁজিবাজার সম্পর্কে ভুল ধারণা সৃষ্টি করতে পারে এবং বিনিয়োগকারীদের সিদ্ধান্ত গ্রহণে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

এমতাবস্থায়, বিএসইসি চেয়ারম্যানসহ কমিশনের কর্মকর্তা বা সংশ্লিষ্ট ব্যক্তিদের নামে কোনো বক্তব্য, ফটোকর্ড বা তথ্য প্রচারের ক্ষেত্রে তার সত্যতা ও নির্ভরযোগ্যতা যাচাই করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে। একইসঙ্গে, সামাজিক যোগাযোগমাধ্যমে অসত্য ও বিভ্রান্তিকর তথ্য প্রচার এবং তা শেয়ার করা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে।

বিএসইসি পুঁজিবাজারের উন্নয়ন, স্বচ্ছতা ও স্থিতিশীলতা বজায় রাখা এবং বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণে প্রতিশ্রুতিবদ্ধ। এ লক্ষ্যে বিনিয়োগকারীসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্বশীল আচরণ ও সহযোগিতা একান্ত কাম্য।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র